



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
১ মিটো রোড, রমনা, ঢাকা  
www.publiclibrary.gov.bd

নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.৪০৭

১৮ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়: ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস-২০২৩' উপলক্ষে রচনা, চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা।**

আগামী ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস-২০২৩' উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা, চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে শ্রেণি অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

**ক) রচনা প্রতিযোগিতা:**

ক্রমিক	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১	উন্মুক্ত	মুক্তিযুদ্ধে বিদেশীদের ভূমিকা	১২০০	১৩/১২/২০২৩ খ্রি.

**খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:**

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১	ক	অনূর্ধ্ব ৭ বছর	উন্মুক্ত	১৬/১২/২০২৩ খ্রি.
২	খ	৮-১২ বছর	বিজয় দিবসের উৎসব	সকাল ১১.০০ টায়

**গ) আবৃত্তি প্রতিযোগিতা:**

ক্রমিক	শ্রেণি	আবৃত্তি প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১	অষ্টম- দশম	উন্মুক্ত	১৬/১২/২০২৩ খ্রি. সকাল ১২.০০ টায়

**রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:**

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

**চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:**

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে উল্লিখিত তারিখে অনুষ্ঠিত হবে।

**শর্তাবলি:**

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে।
২. রচনা ও চিত্রাঙ্কনে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড (অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) এর পাশাপাশি চিত্রাঙ্কনের ক্ষেত্রে জন্মসমদ এবং সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৩. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাঙ্কনে জলরঙ ব্যবহার করা যাবে না।
৪. বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ শহীদুল আলম, সহকারী পরিচালক (মোবাইল নম্বর ০১৯১১৩৯৯৩৬৩), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকার সাথে যোগাযোগ করা যাবে।

০৩-১২-২০২৩

মোঃ আবুবকর সিদ্দিক  
মহাপরিচালক

০২-২২২২২৯৪৫৮

dg.dpl.2012@gmail.com